

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.dckurigram.gov.bd

বিষয় : ভূ-সম্পত্তি জবরদখল বিষয়ে অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : এ বি এম আজাদ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
তারিখ : ১৫-০৫-২০১৩ খ্রিঃ
সময় : বেলা-১১.০০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"।

সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "খ"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গত ১৬/০৪/২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। পরে নিম্নোক্ত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি : ১। ভূ-সম্পত্তি জবরদখল/অবৈধ দখল বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান যে, ছিলমারী, রাজারহাট, রৌমারী ও রাজিবপুর উপজেলার কোন উচ্ছেদ সংক্রান্ত মামলা নেই। তবে কুড়িগ্রাম সদরের উচ্ছেদ সংক্রান্ত ১৭টি মামলার মধ্যে ০৩টি রেকর্ড সংশোধনের জন্য মামলা দায়ের করা হয়েছে। অবশিষ্ট ১৪টি মামলার মধ্যে ০১টি ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারী কল্যাণ সমিতির হওয়ায় উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হয়নি।	১। ০৩টি রেকর্ড সংশোধন কেসের অগ্রগতি জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আর এম শাখা, কুড়িগ্রাম কালেক্টরেট।

<p>২। অবশিষ্ট ১৩টি কেস নথির বিষয়ে সরঞ্জামিন যাচাইপূর্বক হালনাগাদ তথ্যসহ প্রতিবেদন অত্রাকিসে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার কুড়িগ্রাম সদর বরাবর প্রেরণ করা হয়েছে।</p> <p>৩। ভূরক্ষামারী উপজেলার ০৯টি উচ্ছেদ কেসের পশ্চাতে বিজ্ঞ সহকারী জজ আদালতে মামলা চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। আলোচনান্তে সভাপতি মামলার বর্তমান অবস্থা অত্রাকিসকে অবহিত করতে উপজেলা নির্বাহী অফিসার ভূরক্ষামারীকে অনুরোধ করেন।</p>	<p>২। ১৩টি কেস নথির বিষয়ে সরঞ্জামিন যাচাইপূর্বক হালনাগাদ তথ্যসহ জরুরী ভিত্তিতে প্রতিবেদন অত্রাকিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। বিজ্ঞ সহকারী জজ আদালতে দায়েরকৃত চলমান মামলার বর্তমান অবস্থা অত্রাকিসকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>২। উপজেলা নির্বাহী অফিসার কুড়িগ্রাম সদর/সহকারী কমিশনার (ভূমি) কুড়িগ্রাম সদর।</p> <p>৩। উপজেলা নির্বাহী অফিসার ভূরক্ষামারী, কুড়িগ্রাম।</p>
<p>৪। উপজেলা নির্বাহী অফিসার নাগেশ্বরী কর্তৃক প্রেরিত উচ্ছেদ সংক্রান্ত কেস নং - ১/২০১২ এবং উপজেলা নির্বাহী অফিসার ভূরক্ষামারী কর্তৃক উচ্ছেদ সংক্রান্ত কেস নং ১২৮/২০১২ এর বিষয়ে অবৈধ স্থাপনা সরিয়ে নেয়ার জন্য অবৈধ দখলকারীদের ৩০ দিনের সময় দিয়ে চূড়ান্ত নোটিশ প্রদান করা হয়েছে।</p>	<p>৪। নোটিশ জারীর ফেরত কপি অত্রাকিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৪। সহকারী কমিশনার (ভূমি) নাগেশ্বরী / ভূরক্ষামারী, কুড়িগ্রাম।</p>
<p>৫। ফুলবাড়ী উপজেলা হতে অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত উচ্ছেদ নথি এ অফিসে প্রেরণ করা হয়েছে মর্মে এপ্রিল/২০১৩ মাসের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। আলোচনান্তে সভাপতি জেলা অফিসে কবে প্রেরণ করা হয়েছে তা জানাতে হবে মর্মে সভায় অভিযত ব্যক্ত করেন।</p>	<p>৫। অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত উচ্ছেদ নথি এ অফিসে কবে প্রেরণ করা হয়েছে তা জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৫। সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, কুড়িগ্রাম।</p>
<p>৬। উলিপুর উপেলার ৩টি উচ্ছেদ কেসের বিষয়ে সভাপতি জানতে চান। সহকারী কমিশনার (ভূমি) উলিপুর জানান যে বিজ্ঞ দেওয়ানী আদালতে ১৬৮/১২ এবং ১৯৭/০৭ অন্য মোকদ্দমা চলমান থাকায় উচ্ছেদ কার্যক্রম গ্রহন করা যায়নি। অপর একটি উচ্ছেদ কেসে অবৈধ দখলকারীদের মধ্যে অনেকে অবৈধ স্থাপনা সরিয়ে নিলেও কেউ কেউ সরিয়ে না নেয়ার নিয়ন্ত্রনে নেয়া</p>	<p>৬। ওয় মামলার বিষয়ে উচ্ছেদের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৬। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার ভূমি, উলিপুর কুড়িগ্রাম।</p>

<p>সম্ভব হয়নি মর্মে সহকারী কমিশনার জুমি, উলিপুর জানান। আলোচনান্তে সভাপতি ৩য় মামালার বিষয়ে উচ্ছেদের ব্যবস্থা নিতে সহকারী কমিশনার(জুমি) উলিপুরকে নির্দেশনা প্রদান করেন।</p>		
<p>৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর জানান গণপূর্ত বিভাগের কুড়িগ্রাম-উলিপুর-চিলিমারী-সড়কের এবং শাফলা চত্বর হতে সরকারী কলেজ পর্যন্ত অবৈধ স্থাপনা উচ্ছেদ বিষয়ে ১৬০ জনের অবৈধ দখরকারীর তালিকা অত্রাকিসে প্রেরণ করায় তা সরেজমিন যাচাই পূর্বক মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা অফিসার, কুড়িগ্রাম সদরকে পত্র প্রেরণ করা হয়। আলোচনান্তে সভাপতি জানান উচ্ছেদের বিষয়ে প্রাথমিক পর্যায়ে সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগকে ব্যবস্থা নিতে হবে। তিনি স্কেচ ম্যাপসহ তালিকা অত্রাকিসে প্রেরণ করতে নির্বাহী প্রকৌশলীগণ কুড়িগ্রামকে অনুরোধ করেন।</p>	<p>৭। স্কেচম্যাপসহ অবৈধ দখলকারীর তালিকা অত্রাকিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>৭। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ ও সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।</p>

আলোচ্যসূচি : ২। ১ নং খাস খতিয়ানভুক্ত জমির হিসাব :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
<p>১। ১ নং খাস খতিয়ানভুক্ত জমির সুনির্দিষ্ট তালিকা তৈরি করে অত্রাকিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(জুমি)গনকে পরামর্শ প্রদান করেন। ২। জবর দখল/ অবৈধ দখলকারি থাকলে তার তালিকা প্রেরণ করতে হবে।</p>	<p>১-২। ১ নং খাস খতিয়ানভুক্ত জমির সুনির্দিষ্ট তালিকা ও জবর দখল/ অবৈধ দখলকারি থাকলে তার তালিকাও অত্রাকিসে প্রেরণ করতে হবে।</p>	<p>১-২। উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (জুমি), সকল, কুড়িগ্রাম।</p>

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
জেলা প্রশাসক
কুড়িগ্রাম